

ফাতওয়া নাম্বার: ৩১৬

প্রকাশকাল: ৩০-১২-২০২২ ইং

নামায-রোযার ফিদিয়ার টাকা কি জিহাদের ফাণ্ডে দেওয়া যাবে?

প্রশ্ন:

কাফফারা ও নামায-রোযার ফিদিয়ার টাকা কি জিহাদের ফাণ্ডে দেওয়া যাবে?

প্রশ্নকারী: মারইয়াম

উত্তর:

কাফফারা ও ফিদিয়ার টাকা যাকাতের মতোই নেসাব পরিমাণ সম্পদের মালিক নয়; এমন গরীব-মিসকিনকে দেওয়া জরুরি। সুতরাং তা না করে সরাসরি জিহাদের কোনো কাজে ব্যয় করলে কাফফারা বা ফিদিয়া আদায় হবে না। তবে সাধারণ গরীবকে না দিয়ে কোনো গরীব মুজাহিদকে দিলে বেশি সাওয়াব হবে।

উল্লেখ্য, কাফফারার টাকা একদিনে একজন গরীবকে এক ফিতরা দিতে হবে; এর চেয়ে বেশি বা কম দেওয়া যাবে না। পক্ষান্তরে নামায বা রোযার ফিদিয়া একদিনে একজনকে একাধিক দেওয়া যাবে, তবে এক ফিদিয়ার কম দেওয়া যাবে না।-মাবসুতে সারাখসী: ৮/১৫০ ও ১৫৩; বাদায়েউস সানায়ে: ৫/১০২; ফাতাওয়া সিরাজিয়াহ, পৃ: ১০৫ ও ২৯৭; ফাতহুল কাদীর: ৪/২৭১; ফাতাওয়া তাতারখানিয়া: ৬/৩০৩; ফাতাওয়া হিন্দিয়া: ১/১২৫ ও ১৮৮; রদ্দুল মুহতার: ৩/৪৭২, ৪৭৮, ৪৮০, ৪৮২

فقط والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহ)

০৭-০৫-১৪৪৪ হি.

০২-১১-২০২২ ঙ্.

